

১) উদ্ভাবন আইডিয়া প্রদানকারী / বাস্তবায়নকারী বিভাগের নাম:

ইলেকট্রিক্যাল এন্ড ইন্সট্রুমেন্ট কন্ট্রোল বিভাগ, ২২৫ মেঃ ওঃ সিসিপিপি, এপিএসসিএল।

২) উদ্ভাবন আইডিয়া প্রদানকারী টিম লিডারের নাম ও পদবী:

কাজী আব্দুল কাইয়ুম, নির্বাহী প্রকৌশলী (ইএন্ডআইসি), ২২৫ মেঃ ওঃ সিসিপিপি

৩) টিমের সদস্যদের নাম ও পদবী:

(ক) কাজী আব্দুল কাইয়ুম, নির্বাহী প্রকৌশলী (ইএন্ডআইসি), ২২৫ মেঃ ওঃ সিসিপিপি।

(খ) মোঃ নাসির উদ্দিন, উপ-বিভাগীয় প্রকৌশলী (ইএন্ডআইসি), ২২৫ মেঃ ওঃ সিসিপিপি।

(গ) মোহাম্মদ আকরাম হোসেন, সহকারী প্রকৌশলী (ইএন্ডআইসি), ২২৫ মেঃ ওঃ সিসিপিপি।

(ঘ) হাফিজ সরকার, সহকারী প্রকৌশলী (ইএন্ডআইসি), ২২৫ মেঃ ওঃ সিসিপিপি।

৪) টিমের সদস্যদের যোগাযোগ নম্বর ও ইমেইল:

(ক) কাজী আব্দুল কাইয়ুম - 01740593133, xenelect225mw@apscl.org.bd


(খ) মোঃ নাসির উদ্দিন - 01722067194, sdeic225@apscl.org.bd

(গ) মোহাম্মদ আকরাম হোসেন- 01915617892, ae1eic225@apscl.org.bd

(ঘ) হাফিজ সরকার- 01826044635, ae2eic225@apscl.org.bd

৫) যে সমস্যার প্রেক্ষিতে এই আইডিয়া / উদ্যোগটি গ্রহণ করা হয়, তার সংক্ষিপ্ত বর্ণনা:

আশুগঞ্জ একটি ক্রমবর্ধমান জনবসতিপূর্ণ এলাকা। সাম্পতিক সময়ে আশুগঞ্জের বিভিন্ন স্থানে নানা প্রকার প্রকল্প এবং বিল্ডিং কন্সট্রাকশনের কাজ চলমান। এ সকল কন্সট্রাকশন কাজের কারণে এবং অতিরিক্ত যানবাহন চলাচলের ফলে সৃষ্ট মাত্রাতিরিক্ত ধূলা-বালি বিদ্যুৎ কেন্দ্রগুলোর এয়ার ইন্টেক ফিল্টারসমূহকে দ্রুত ড্যামেজ করে দিচ্ছে।



পাশাপাশি জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর নানাবিধ শ্বাসকষ্ট জনিত রোগ-বলাই এর কারণ হয়ে দাঁড়াচ্ছে। সর্বোপরি সামগ্রিক পরিবেশের উপর এর বিরূপ প্রভাব পড়ছে। পাইপ দিয়ে পানি ছিটানো হলে এর মাত্রা নিয়ন্ত্রণ করা যেমন কঠিন তেমনি ব্যয়বহুল, ইন্সটলেশন ও রক্ষণাবেক্ষণও কষ্টসাপেক্ষ। এছাড়া প্রয়োজন অনুসারে সকল স্থানে পৌঁছানোও অনেক সময় সম্ভব হয় না।

৬) সমস্যা সমাধানে গৃহিত আইডিয়া / উদ্যোগের সংক্ষিপ্ত বর্ণনা:

“ইকোফ্রেন্ডলি সোলার চালিত পানিবাহী গাড়ি হতে পারে এর অনন্য সমাধান”

এপিএসসিএল এর প্রকৌশলীবৃন্দের নিজস্ব ডিজাইন ও তত্ত্বাবধানে এক বা একাধিক ইকোফ্রেন্ডলি পানিবাহী সোলার কার তৈরি করা হয়েছে যেটা রিনিউয়েবল এনার্জি হিসেবে সোলার চালিত একটি গাড়ি। সূর্যালোকের উপস্থিতিতে গাড়িটি চার্জিত হয়। গাড়িটির অপর প্রান্তে রয়েছে ওয়াটার ট্যাংক। ট্যাংক এর দুপাশে রয়েছে দুইটি পানি নির্গমন লাইন যা দুটি ভালভ দ্বারা নিয়ন্ত্রণ করা যায়। পানি নির্গমন লাইনের সাথে সংযুক্ত রয়েছে একাধিক স্প্রিংকলার যা পানির গতি নিয়ন্ত্রণ এবং রাস্তা জুড়ে পানি ছড়িয়ে দিতে সহায়তা করে।

এই ধরনের গাড়ি একাধারে জ্বালানি সাশ্রয়ী এবং পরিবেশ বান্ধব। এই ধরনের গাড়ি বায়ু দূষণ রোধের পাশাপাশি সামাজিক বনায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এছাড়া রাষ্ট্রীয় সম্পদ বিদ্যুৎ কেন্দ্র গুলোর এয়ার ইনটেক ফিল্টার সমূহ দ্রুত ড্যামেজ হওয়ার হাত থেকে রক্ষা করে অর্থনীতিতে ব্যাপক ভূমিকা রাখবে।





আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ

আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

(উদ্ভাবন প্রকল্প ছক)



৭) উদ্ভাবনী আইডিয়া / উদ্যোগের শিরোনাম:

“ইকোফ্রেন্ডলি সোলার পাওয়ার্ড ওয়াটার স্প্রেয়িং কার”

৮) উদ্ভাবনী আইডিয়া / উদ্যোগ গ্রহণের তারিখ: ২০/১০/২০২০

৯) উপকারভোগীর (আনুমানিক) সংখ্যা ও ধরণ: আশুগঞ্জ এলাকাবাসি এবং এপিএসসিএল এর সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ ও তাদের পরিবারবর্গ (আনুমানিক ২ লক্ষ মানুষ)।

১০) উদ্যোগটির মধ্যে নতুনত্ব কী আছে যা পূর্বে ছিল না কিংবা বাস্তবায়ন করা হয়নি?

কোন প্রকার জীবাশ্ম জ্বালানি ব্যবহার না করে সম্পূর্ণরূপে নবায়নযোগ্য জ্বালানীর সহায়তায় পরিবেশের মানোন্নয়নে এই ধরনের ইকোফ্রেন্ডলি কার ইতিপূর্বে ব্যবহার করা হয়নি।

- জ্বালানী বিহীন পরিবেশ বান্ধব
- সম্পূর্ণ সৌর চালিত
- ন্যাচারাল ফোর্সড ওয়াটার স্প্রে
- শব্দ ও দূষণ মুক্ত
- দেশীয় কাঁচামালে তৈরি তাই অর্থনৈতিক ভাবে সাশ্রয়ী



১১) উদ্যোগ বাস্তবায়নের সাথে অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠান জড়িত আছে?

- এপিএসসিএল কর্তৃপক্ষ
- ২২৫ মেঃওঃ ই এন্ড আই সি
- যান্ত্রিক ও ওয়ার্কসপ বিভাগ
- আউট সোর্সিং ওয়ার্কশপ

১২) আনুমানিক বাস্তবায়ন ব্যয় ও সময়কাল:

আনুমানিক ব্যয়ঃ ৫ লক্ষ টাকা (+/- ১০%), সময়কালঃ আনুমানিক ২ মাস।

১৩) মন্তব্য (যদি থাকে):

প্রকল্পটি বর্তমানে পাইলট প্রোজেক্ট আকারে সম্পূর্ণ টেস্ট বেসিসে তৈরি করা হয়েছে। প্রয়োজনীয় পৃষ্ঠপোষকতা ও অর্থনৈতিক সহায়তা পেলে আরও অধিকতর সাশ্রয়ী মূল্যে অধিকতর ইফিশিয়েন্ট সোলার কার তৈরি করা সম্ভব। ক্রমবর্ধমান জনসংখ্যার যোগাযোগ ব্যবস্থায়ও অনুরূপ গাড়ি ব্যবহার করা যেতে পারে যাহা দেশীয় অর্থনীতিতে ভূমিকা রাখবে। উল্লেখযোগ্য সংখ্যক গাড়ি রাষ্ট্রীয় ভাবে তৈরি করা সম্ভব হলে সবুজ বনায়নে এই ধরনের ওয়াটার স্প্রেইং কার ব্যাপক ভূমিকা রাখবে।